Registered
No. C. 853

জঙ্গিপুর
# সংবাদ
সাপ্তাহিক সংবাদ-পত্র
—০:০—


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



হাতে কাটা
**বিশুদ্ধ পৈতা**
পণ্ডিত-প্রেসে পাইবেন।



## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।


৪০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৩ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৬০ ইংরাজী 27th May, 1953 { ২য় সংখ্যা







## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়. তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদে উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

**হিন্দুস্থান কো-অপারেটি**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমি
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডি
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৩ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৬০ সাল

## জনপ্রিয়তার মাপকাঠি

—•—

গত সাধারণ নির্ব্বাচনে কংগ্রেসের বিরুদ্ধবাদী দলগুলি প্রত্যেকেই এই শতকরা ৮৫ জন নিরক্ষর অধিবাসীর দেশে রাজতক্ত দখল করিবার লালসায় কেহ কাহারও সহিত মিলিবার প্রবৃত্তি আনিয়া প্রলোভন ত্যাগ করিতে পারে নাই। ফলে এতগুলি দল কংগ্রেসের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করিয়া কংগ্রেসেরই সুবিধা করিয়া দিয়াছিল। মোট ভোটের অতি সামান্য অংশ পাইয়াও কংগ্রেস মোটের উপর জয়লাভ করিয়া নিজেদের জনপ্রিয়তার গর্ব্ব অনুভব করিবার সুযোগ পাইয়াছিল। নিরক্ষর ভোটারগণের মধ্যে অনেকের এই বিশ্বাস হইয়াছিল যে কংগ্রেস ছাড়া যদি ভোট দিতে হয় তবে কমুনিষ্ট যারা তারা কম অনিষ্ট করিবে, কাজেই তাদেরই ভোট দেওয়া উচিত। এই বিশ্বাস অনেকের মধ্যে প্রবল হওয়ায় অকংগ্রেসী দলের মধ্যে কমুনিষ্ট দল সংখ্যায় একটু বেশী নির্ব্বাচিত হইবার সুযোগ ...ইয়াছিল।

...যেখানে যেখানে সাধারণ নির্ব্বাচনের সিদ্ধান্ত ...ল হইয়া উপনির্ব্বাচন করা হইয়াছে, তাহার ...কাংশ ক্ষেত্রেই কংগ্রেসের পরাজয় সংঘটিত ...য়াছে। রাজধানী দিল্লীতে উপনির্ব্বাচনে ...গ্রেসের শোচনীয় পরাজয়ের উল্লেখ করিয়া নিখিল ...রত কংগ্রেসের সভাপতি এবং ভারতের প্রধান ...ী জহরলাল নেহেরু বলেন—ইহাতে কংগ্রেস ...র্মীদের হতাশ হইবার কিছুই নাই।

...দ্ধবাজ আমেরিকার পররাষ্ট্র সচিব জন ফষ্টার ... যখন দিল্লীতে শ্রীনেহেরুর সহিত গোপন ...র্শ কহিবার জন্য উপস্থিত, তখন দিল্লীতে, ...ায় এবং অন্যান্য অনেক স্থানে ডুলেসের ...ব সন্দেহ করিয়া ডুলেস-বিরোধী বিক্ষোভ প্রদর্শন করা হয়, তাঁহার কুশপুত্তলিকাও দাহ করা হয়। নেহেরু ইহাতে অত্যন্ত বিরক্ত হইয়া তাঁহার বাসভবনে প্রায় দেড় হাজার কংগ্রেসকর্ম্মীর বৈঠকে তীব্র ক্রোধ প্রকাশ করেন। তিনি বলেন— বিক্ষোভকারীদের মধ্যে যে সব কংগ্রেসী ছিলেন, তাঁহাদের কংগ্রেস হইতে বিতাড়ন করিতে হইবে।

দিল্লীতে রাজ্য প্রজা-সমাজতন্ত্রী দলের কার্য্য-নির্ব্বাহক কমিটির সভায়, রাণী এলিজাবেথের অভিষেক অনুষ্ঠানে ভারতের পক্ষ হইতে প্রধান মন্ত্রী শ্রীনেহেরুর যোগদানের বিরুদ্ধে প্রতিবাদ জানাইয়া একটি প্রস্তাব গৃহীত হইয়াছে। প্রধান মন্ত্রীকে তাঁহার সিদ্ধান্ত পুনর্ব্বিবেচনার জন্য আহ্বান জানান হইয়াছে।

পশ্চিম বঙ্গ বিধান সভার কলিকাতা বড়তলা কেন্দ্রের উপনির্ব্বাচনে সকল কংগ্রেস-বিরোধী দল একযোগে কংগ্রেসপ্রার্থী শ্রীনির্ম্মলচন্দ্র দের (যিনি সাধারণ নির্ব্বাচনে শ্রীসুধীরচন্দ্র রায় চৌধুরীকে ৯২ ভোটে পরাজিত করিয়া এম. এল. এ. হইয়াছিলেন) বিরুদ্ধে সেই সুধীরচন্দ্র রায় চৌধুরীকেই সমর্থন করিয়া নিম্নলিখিত মত ফল লাভ করিয়াছে।

(১) শ্রীসুধীরচন্দ্র রায় চৌধুরী (প্রঃ সোঃ) ১২০৯৭
(২) শ্রীনির্ম্মলচন্দ্র দে (কংগ্রেস) ৬৭৩০
(৩) শ্রীএস. সি. রায় (স্বতন্ত্র) ২৪৩

সুধীরচন্দ্র রায় চৌধুরী কংগ্রেস প্রার্থীর প্রায় ডবল ভোটে নির্ব্বাচিত হইয়া ক্ষুদ্র ক্ষুদ্র দলের একতার ফল ঘোষণা করিয়াছেন। যদি সাধারণ নির্ব্বাচনে এই সুমতি বিরোধীদলগুলির হইত, তবে আজ দেশকে কংগ্রেসের যথেচ্ছাচারিতা সহিতে হইত না। নানাভাবে বিপন্ন পশ্চিম বঙ্গ সব দলগুলির বিনা একতায় সাত সাতটি লোকপ্রিয় মন্ত্রীকে কাত করিয়া কংগ্রেসের লোকপ্রিয়তার জলন্ত প্রমাণ দিবার সুযোগ (?) দেখাইয়া দিতে ছাড়ে নাই।

———

## দফরপুরে অগ্নিকাণ্ড

গত ৯ই জ্যৈষ্ঠ শনিবার রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত দফরপুর গ্রামে দিবা দ্বিপ্রহরের সময় ঝড়ু ডাক্তার নামক জনৈক গৃহস্থের বাড়ীতে মেয়েরা ময়লা কাপড় সোডা দিয়া সিদ্ধ করিতেছিল। উননের অনতিদূরে পাঁকাটি (পাট গাছের কাঠি) ছিল। অনবধানতা বশতঃ সেই পাঁকাটিতে আগুন ধরিয়া পল্লীর ৬।৭টি গৃহস্থের ঘরবাড়ী সব পুড়িয়া গিয়াছে। যাঁহার বাড়ীর আগুন তাঁহার দগ্ধ গৃহ পুননির্ম্মাণ করা সামর্থ্যে কুলাইলেও, অন্যান্য গৃহস্থের মধ্যে এমন দীনহীন দরিদ্র আছেন, যাঁহাদের চাল তৈরীর ক্ষমতা নাই বলিলেই হয়। সম্মুখে বর্ষা। মাথা লুকাইবার স্থানটুকু হারাইয়া যে দুর্গতি ভোগ করিতে হইবে তাহা বর্ণনাতীত। শোনা যায় একজন দরিদ্র তাঁহার পুত্রকে অন্যের বাড়ীতে চাকর রাখিয়া, অগ্রিম দাদন লইয়া, কয়েকদিন আগে বাসগৃহখানি নির্ম্মাণ করে। সহৃদয় মহকুমা-শাসক মহোদয় একটু কৃপাচক্ষে দেখিয়া প্রকৃত দুস্থের সাহায্য করার ব্যবস্থা করিবেন বলিয়া তাঁহার দৃষ্টি আকর্ষণ করি।

———

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ৮ই জুন ১৯৫৩

১৯৫২ সালের ডিক্রীজারী

৪২০ থাং ডিঃ রূপেন্দ্রমোহন খাঁ দিং দেং ব্যামা খাতুন বেওয়া দাবি ১০৮/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে দুর্গাপুর ৯-৬৮ শতকের কাত ১২৮৶০ থং ৪

৬৬১ থাং ডিঃ অমানো বর্ম্মণ্যা দেং করিমন বেওয়া দাবি ২৬।৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশীপুর ৪৫ শতকের কাত ১॥৶৯ পাই আঃ ১০৲ থং ১৪৩

৬৬৩ থাং ডিঃ ঐ দেং উমেদ মণ্ডল দাবি ২৫৸/০ মৌজাদি ঐ ২৮ শতকের কাত ১।৬ পাই আঃ ১০৲ থং ৫১

৬০৭ থাং ডিঃ ভূপেন্দ্রমোহন সরকার কমন ম্যানেজার দেং ধীরেন্দ্রনারায়ণ শুকুল দিং দাবি ৮৯৷৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে ধলো ও দক্ষিণপাড়া ৩-১০ শতকের কাত ১৩৷/৯ আঃ ৩০৲ থং ৯৭০, ৬৬৩

৪০৩ থাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দিং দেং বলাই ঘোষ দিং দাবি ১২০৷৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেকন্দরা ৫-৬৭ শতকের কাত নিজাংশে ১০।/০ আঃ ১৫৲ থং ৭৩৩, ৩১২

৬৭৫ থাং ডিঃ ঐ দেং ভূপালচন্দ্র বড়াল দিং

দাবি ২৮৪৫/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামদেবপুর ১৬-৩ শতকের কাত নিজাংশে ১২৷৭ আঃ ৬৫৲ খং ৪৮৬, ৪৮৭

৪৮৪ খাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং আবদুল ওহেদ বিশ্বাস দিং দাবি ২৯৫০ থানা রঘুনাথগঞ্জ মৌজে পিয়ারাপুর ২-৬৬ শতকের কাত নিজাংশে ৫১৯ আঃ ১০৲ খং ৮৩ রায়ত স্থিতিবান।

৪৮৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৷৵৬ মৌজাদি ঐ ৩-৫৫ শতকের কাত নিজাংশে ৫১১৷— আঃ ১০৲ খং ৮২ রায়ত স্থিতিবান।

৪৮৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৮৷/০ মৌজাদি ঐ ৪-৪৬ শতকের কাত নিজাংশে ২৷/১৷= আঃ ১০৲ খং ১৭৫ রায়ত স্থিতিবান।

৪১ মনি ডিঃ বিশ্বনাথ কুঙর দিং দেং নগেন্দ্রনাথ পাঁড়ে দাবি ১৪৯৷৵৬ থানা ফরক্কা মৌজে কুলি ৪-৪৮ শতক মধ্যে ২-২৪ শতকের কাত ৪/০ আঃ ৫০৲ খং ৮২৮ মধ্যে।

### ১৯৫৩ সালের ডিক্রীজারী

৪১ খাং ডিঃ করিমবকস বিশ্বাস দিং দেং কাসিম খাঁ দিং দাবি ৭৯৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সোনাটিকরী ৭-৪৩ শতকের কাত ৪৭৲ আঃ ৫০৲ খং ৩৫৫

৮৭ খাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং কৌর্ত্তিবাস মণ্ডল দিং দাবি ৪৩৫/০ থানা স্থতী মৌজে নজির-পুর ৯.৮৩ শতকের কাত ১০৷১ আঃ ২৫৲ খং ১১৫

৮৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৬৷৶৬ মৌজাদি ঐ ৭-৬৭ শতকের কাত ২৫৶৫ আঃ ১৫৲ খং ১১৬

৫০ খাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দিং দেং হাউস-তুল্লা বিশ্বাস দিং দাবি ২৯৫৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে পানানগর ১৮ শতকের কাত নিজাংশে ॥৶৮ আঃ ৪৲ খং ২০

১১৩ খাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং সুধাকর দাস দিং দাবি ১৮৷৬ থানা স্থতী মৌজে খিদিরপুর ১-০৫ শতকের কাত নিজাংশে ॥১ পাই আঃ ৫৲

১১৪ খাং ডিঃ ঐ দেং সাফুরুদ্দিন সেখ দিং দাবি ৫২৵৬ থানা স্থতী মৌজে জলঙ্গাপাড়া ১-৩১ শতকের কাত নিজাংশে ॥৶৭ আঃ ৫৲

১৪০ খাং ডিঃ ঐ দেং দেবেন মণ্ডল দিং দাবি ৮১॥৩ থানা স্থতী মৌজে হাজিপুর ১১-৮২ শতকের কাত নিজাংশে ৪৷৩ আঃ ২৫৲

৬১ খাং ডিঃ ফুলচাঁদ শেঠি দেং রাখালচন্দ্র রায় দাবি ৪৪৷৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামপুর ১১-১৬ শতকের কাত ২৭॥২ আঃ ৪০৲ খং ২৩২

১৪০ খাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং সবির সেখ দিং দাবি ১৫৫৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে দফরপুর ৪৯ শতকের কাত ১৶২ আঃ ১০৲ খং ১৪৯৪

১৪১ খাং ডিঃ ঐ দেং দোকড়িলাল দাস দিং দাবি ৩৬৷৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে চর বাগডাঙ্গা ১-৬৫ শতকের কাত ৫৲ আঃ ২৫৲ খং ৭৭২

১৪২ খাং ডিঃ ঐ দেং কুলদাসুন্দরী দাসী দিং দাবি ৭৫৫/৯ মৌজাদি ঐ ১-৬৫ শতকের কাত ৫৲ আঃ ৬০৲ খং ৭৭২

৩৫ খাং ডিঃ রাধাবল্লভ নাথ দিং দেং সুশীলা-সুন্দরী দাসী দিং দাবি ২৭৷৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ৮ শতকের কাত ২৲ আঃ ১০৲ খং ৭৩৭ অধীনস্থ খং ৭৩৮ রায়ত স্থিতিবান।

১৩৫ খাং ডিঃ রণেন্দ্রনারায়ণ বাগচি দেং রোহিণী বেওয়া দাবি ১২৷৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাশিয়াডাঙ্গা ১২ শতকের কাত ৷৵৬ আঃ ৫৲ খং ৫৯১ রায়ত স্থিতিবান।

১২৬ খাং ডিঃ সেবাইত শিবকিঙ্কর শর্ম্মা মোহান্ত দেং নির্ম্মলচন্দ্র দাস দিং দাবি ২৩৲৯ থানা স্থতী মৌজে মহেন্দ্রপুর ৩০ শতকের কাত ১৷০ আঃ ৫৲ খং ৫৮

১৩৩ খাং ডিঃ ঐ দেং শচীন্দ্রকুমার চৌধুরী দিং দাবি ১৫৲৬ থানা স্থতী মৌজে পারুলিয়া ৬৪ শত-কের কাত ১/০ আঃ ৫৲ খং ২৬৬

১৩৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৪৶৬ থানা ঐ মৌজে খিদিরপুর ১-৫৬ শতকের কাত ২৷৵১০ আঃ ১০৲ খং ১১৯

১৩৭ খাং ডিঃ মহম্মদ ফেলু বিশ্বাস দিং দেং ধীরেন্দ্রনাথ দাস পক্ষে একজিকিউটর ও স্বয়ং হলধর দাস দাবী ২৩৶৯ থানা স্থতী মৌজে প্রসাদপুর ও ভৈরবপুর ৪-৯৯ শতকের কাত ৪৷৵০ আঃ ১০৲ প্রসাদপুর খং ১৩৮, ১৩৯, ১৪০, ১৪১, ভৈরবপুর খং ১৫১, ১৫২, ১৫৩

১০৫ খাং ডিঃ কুমার রামকিঙ্কর সিংহ দেং রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দাবি ৬৪॥৬ থানা স্থতী মৌজে গোপালনগর ৩৫-৮৫ শতকের কাত ১১৭৷৵৬ আঃ ৬০৲ খং ২০৭

৩৭ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং অভীষ্টলাল দাস দাবি ১৮৷৬ থানা স্থতী মৌজে আহিরণ ১-৩০ শতকের কাত ৩৵৯ আঃ ১০৲ খং ৭৬

৬ মনি ডিঃ দুলালী দেবী নাঃ পক্ষে অলি মাতা-মহ গোপালচন্দ্র সিংহ দেং পঙ্কজকুমার সাহা দাবি ৩১৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাঞ্চনপুর ৪-৪৬ শতকের কাত ২৪৷১০ তন্মধ্যে দেন্দারের ১/৪ অংশে ৫৫৩/৪ শতকের কাত হারাহারি মতে ৩৲৯ পাই আঃ ২০৲ খং ৩৬৪

৭ মনি ডিঃ ঐ দেং শ্যামাপদ সাহা দাবি ৩১৵৯ মৌজাদি ঐ ৪-৪৬ শতকের কাত ২৪৷১০ তন্মধ্যে দেন্দারের ১/৪ অংশে ৫৫৩/৪ শতকের কাত হারাহারি মতে ৩৲৯ পাই আঃ ২০৲ খং ৩৬৪

৮ স্বত্ব ডিঃ কালীপদ সেন দেং সুবেদার সেখ দিং দাবি ২৪৩॥/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে খোদরামপুর ১-০১ শতকের কাত ৩৷৶৬ আঃ ১৬৲ খং ৬৬ ২নং লাট মৌজাদি ঐ ৪৬ শতকের কাত ১৷০ আঃ ৩৭৲ খং ২১২ ৩নং লাট মৌজাদি ঐ ৩২ শতকের কাত ১৲ আঃ ২৪৲ খং ২৫ ৪নং লাট মৌজাদি ঐ ১৮ শতকের কাত ৷৵৪ আঃ ২০৲ খং ১২৯

## Notice.

It is hereby notified that the Regio nal Transport Authority meeting which was due to be held on 21.5.53 at 3 P.M. will be held on 4th June, 1953 at 3 P.M at the District Magistrate's Ejlash.

Sd. S. B. Mazumdar
Secretary,
Regional Transport Autho
Murshidaba

সি. কে. সেনের আর একটি

অনবদ্য সৃষ্টি

পুষ্পগন্ধে সুরভিত

**ক্যাস্টর অয়েল**

বিকশিত কুসুমের স্নিগ্ধ গন্ধসারে সুবাসিত এই পরিস্রুত ক্যাস্টর অয়েল কেশের সৌন্দর্য্য বর্ধনে অনুপম।

ক. সেন অ্যাণ্ড কোং লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা ১২



**দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের

যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের

যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায় ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত 'ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ৵০ আনা।

সোল এজেণ্ট ঃ— **ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ— গার্ডেনরিচ, কলিকাতা—২৪



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।